

১৬/৯/৬৩

SEP 25 1963

৫টি দেশের ৫০টি প্রকাশনা সংস্থা অংশ নিচ্ছে

আজ থেকে শুরু হচ্ছে ৪ দিনব্যাপী প্রথম সার্ক বইমেলা

প্রতীক ইজ্ঞা : সম্পূর্ণ বেসরকারি উদ্যোগে আজ বৃহস্পতিবার থেকে রাজধানীতে শুরু হচ্ছে প্রথম সার্ক বইমেলা। ৪ দিনব্যাপী এই বইমেলায় সার্কভূক্ত ৫টি দেশের প্রায় ৫০টি প্রকাশনা প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। মালদ্বীপ ও ভূটানে কোনো বেসরকারি প্রকাশনা প্রতিষ্ঠান না থাকায় দেশ দুটি মেলায় অংশ নিচ্ছে না। সার্ক বইমেলা উপলক্ষে গঠিত 'সার্ক বুক ডেভেলপমেন্ট কাউন্সিল' এর সহযোগিতায় এই বইমেলায় আয়োজন করেছে বাংলাদেশ সৃজনশীল প্রকাশক সমিতি। শিল্পকলা একাডেমীর জাতীয় চিত্র প্রদর্শনশালায় প্রতিদিন এই বইমেলা চলবে সকাল সাড়ে ১০টা থেকে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, সার্কভূক্ত ৭টি দেশের মধ্যে বইয়ের আঞ্চলিক বাজার গড়ে তোলা এবং আঞ্চলিক বাজারে সার্কভূক্ত দেশগুলোর প্রকাশিত বইয়ের অবাধ বাণিজ্য তৈরিই এই মেলায় প্রধান উদ্দেশ্য। সূত্রটি আরো জানায়, ● এংপঃ পৃষ্ঠা ১১ কলাম ৬

আজ থেকে শুরু হচ্ছে ৪ দিনব্যাপী

শেখের পাতার পর সার্ক দেশসমূহে বই প্রবাহ চলছে একতরফা, মূলত ভারত থেকেই। শ্রীলঙ্কাসহ বিভিন্ন দেশের কোনো উৎসাহী পাঠক বাংলাদেশের বই কেনা তো দূরের কথা, চোখেও দেখেন না। এই মেলা সে সব প্রতিবন্ধকতা দূর করে সার্ক দেশগুলোর প্রকাশিত বইয়ের সমবাণিজ্য গড়ে তুলবে বলে আশা করা হচ্ছে। উল্লেখ্য, অশির দশকে দক্ষিণ এশিয়ার ৭টি দেশ নিয়ে সার্ক গঠিত হওয়ার পর সরকারি ও বেসরকারিভাবে সার্ক বইমেলা এটিই প্রথম। বর্ণনাক্রমিক হিসেবে এবার এটি বাংলাদেশে আয়োজন করা হয়েছে। এদিকে সার্ক বইমেলায় আয়োজন নিয়ে সরকারি ও বেসরকারি পর্যায়ে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। মেলায় সঙ্গে সংশ্লিষ্ট একাধিক সূত্র জানিয়েছে, সরকারি পর্যায়ের আমলাতান্ত্রিক জটিলতা এড়াতেই সম্পূর্ণ বেসরকারি উদ্যোগে এই বইমেলায় আয়োজন করা হয়েছে। সূত্র আরো জানিয়েছে, একুশে বইমেলা, ঢাকা বইমেলা ও স্বাধীনতা বইমেলায় ব্যাপক অনিয়মের ফলেই এই সরকারের উদ্যোগে সার্ক বইমেলা আয়োজনে উৎসাহ দেখাননি বিভিন্ন প্রকাশকরা। তাদের সঙ্গে কথা বলে জানা গেছে, সরকার আরোপিত অর্থনৈতিক বিধিনিষেধ যেনে বইমেলায় বাণিজ্য হয়ে ওঠে না। প্রকাশকরা বলেন, অবশ্য তথু বাংলাদেশেই নয়, সমস্যাগুলো সার্কভূক্ত অন্যান্য দেশগুলোর জন্যও প্রযোজ্য। অন্যদিকে সরকারি পর্যায়ে প্রথমদিকে সংশ্লিষ্ট মেলায় আগ্রহ দেখানো না হলেও শেষ পর্যায়ে এসে সরকারের বিভিন্ন মহল বিষয়টি ভালো চোখে দেখছেন না বলে জানা গেছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, বিষয়টি অবশ্যই ভালো। তবে সরকারের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন ছিল।

বিষয়টি অবশ্য পুরোগুরি অধীকার করেছেন, সার্ক বুক ডেভেলপমেন্ট কাউন্সিল ও বাংলাদেশ সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি মফিজুল হক। তিনি ভারের কাগজকে বলেন, বেসরকারি প্রকাশকদের সংগ্রহই প্রথম এই বইমেলায় প্রয়োজন অনুভব করে। সরকারের সঙ্গে আমাদের কোনো বিরোধ নেই। আর তাছাড়া সবকিছু যে সরকারি উদ্যোগেই হতে হবে, ঠিক নয়। তিনি আরো বলেন, বেসরকারি উদ্যোগেও এ রকম একটি মেলা হতে পারে, সেটিই প্রমাণ করতে যাচ্ছে দেশগুলোর বেসরকারি প্রকাশনা প্রতিষ্ঠানগুলো।

সার্ক বইমেলা প্রসঙ্গে প্রকাশনা সংস্থা বিন্যাস-এর স্বত্বাধিকারী মঞ্জিবর রহমান খোকা বলেছেন, এই আয়োজন অবশ্যই সরকারবিরোধী নয়। তবে বেসরকারি প্রতিষ্ঠানও যে এ রকম একটি আঞ্চলিক পর্যায়ের মেলা করতে পারে, সেটিই সবচেয়ে বড়ো কৃতিত্ব। এই বইমেলা দেশের ভাবমূর্ত্তি উজ্জ্বল করবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

নাম প্রকাশ না করার শর্তে দেশের একটি প্রথম সারির প্রকাশনা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী সার্ক বইমেলাকে ইতিবাচক দৃষ্টিতে দেখার জন্য সরকারকে অনুরোধ জানান। তিনি বলেন, তথুমাত্র সার্ক দেশসমূহের নিজেদের মধ্যে বইয়ের পেনদেন ও সুই বইবাজার গড়ে তোলাই আমাদের উদ্দেশ্য। আমরা চাই বিশ্বব্যাপী আমাদের বইয়ের বাণিজ্য হোক।

প্রথম সার্ক বইমেলা উপলক্ষে বাজেট নির্ধারণ করা হয়েছে ১০ লাখ টাকা। এই মেলায় ভারতের ১৩টি, পাকিস্তানের ৩টি, নেপালের ১টি, শ্রীলঙ্কার ১টি ও বাংলাদেশের ২০টি প্রকাশনা প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। এছাড়াও কলকাতার আফ্রো এশিয়ান বুক কাউন্সিলও মেলায় অংশ নিচ্ছে। অবশ্য বেশ কিছু স্টল বাংলাদেশের প্রকাশকদের জন্য উন্মুক্ত রাখা হয়েছে। মেলায় স্টলের জন্য সৃজনশীল প্রকাশক সমিতির সদস্যভূক্ত প্রকাশনাকে ১০ হাজার ও সদস্য নয় এমন প্রকাশনাকে ১৫ হাজার টাকা এবং বিদেশী প্রকাশনালোকে প্রতিটির জন্য ৪০০ ডলার ভাড়া দিতে হবে। মেলায় রাষ্ট্রীয় বিরোধী ও ধর্মীয় অনুভূতিতে আঘাত দিতে পারে এমন বই বিক্রি নিষিদ্ধ করা হয়েছে। সরকারের ব্যয়ভরাসিত প্রতিষ্ঠানের মধ্যে বাংলা একাডেমী ও নব্ব্বকল ইনস্টিটিউটও মেলায় অংশ নিচ্ছে।

৪ দিনের এই আঞ্চলিক মেলায় অংশ নেওয়া ৫টি দেশের প্রায় ২০ জন সরকারি ও বেসরকারি প্রতিনিধির অংশ নেওয়ার কথা। বইমেলায় পাশাপাশি রাজধানীর ভোপখানা রোডের সিরডাপ মিলনায়তনে সেমিনারের আয়োজন করা হয়েছে।

বইমেলা উপলক্ষে এ বছরের ২৭ জানুয়ারি ভারতের দিল্লিতে সার্কভূক্ত দেশগুলোর প্রতিনিধিদের নিয়ে এক সভার মাধ্যমে 'সার্ক বুক ডেভেলপমেন্ট কাউন্সিল' গঠন করা হয়। এই কাউন্সিলের বর্ণনাক্রমিক অনুযায়ী এবার প্রথম বইমেলায় আয়োজনের দায়িত্ব পেয়েছে বাংলাদেশ। আজ সকাল সাড়ে ১০টায় মেলায় উদ্বোধন করবেন সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান।